মন্ত্রিপরিষদ বিভাগের জুন ২০২০ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: জুন **২০২০** **প্রতিবেদন** প্রস্তুতের তারিখ: ১৩ **জুলাই ২০২০**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩৮৫	২৭০	১১৫
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	৯৪৪	১,১৫৪
মোট	২,৪৮৩	১,২১৪	১,২৬৯

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	২৬	২৯	৩১	২৯	১১৫
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৬৯	৩৩৫	৩২১	১২৯	১,১৫৪*
মোট	-	-	৩৯৫	৩৬৪	৩৫২	১৫৮	১,২৬৯

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্যনয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়)ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তারতালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ৩.৩৩ জিওবি: ০.০২ মোট: ৩.৩৫	৩.৩৪২৯ (৯৯.৮ শতাংশ)	-	-	-
Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS	ডিপিএ: ২.২০ জিওবি: ০.৭০ মোটঃ ২.৯০	১.২২৩৮ (৪২.২ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh (3rd Phase)	ডিপিএ: ০.৩৪ জিওবি: ০.০৪ মোটঃ ০.৩৮	০.০০৫৫ (১.৬২ শতাংশ)	-	-	-

খ.প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	০.৩৯৫	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের নিরীক্ষাকার্য ৩০ জুন ২০১৮ পর্যন্ত সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষায় ০৭টি অডিট আপত্তি দেওয়া হয়। আপত্তিগুলির মধ্যে ০১টি আপত্তিতে ১৬,৫৬১ টাকা ভ্যাট ও আয়কর কম কর্তন করা হয় মর্মে উল্লেখ করা হয়। অবশিষ্ট ০৬টি আপত্তি পর্যবেক্ষণ সংশ্লিষ্ট। উক্ত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে এ বিভাগের ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ১০৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ব্রডশিট জবাব প্রদান করা হয়। এছাড়া ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১০টি	২২৮.৩৭	-	-	১০টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**২৮টি**	**৯১৫.৫৩৫**	**০৪**	**-**	**২১টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা:**নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-২	-	-	-	-	২	১
দুর্নীতি দমন কমিশন-২৮	-	-	-	১	২৭	৮
মোট=৩০	-	-	-	১	২৯	৯

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি আইন-১ শাখায় স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১।	–	-	–	-

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য ২০১৯-২০ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘণ্টা) সম্পন্ন হয়।

গ.প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ.মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ.প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:নাই।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নাই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভা-বৈঠক দুইটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ১৫টি সিদ্ধান্ত গৃহীত হয়। ০৮টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। ১১টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) দেশবরেণ্য শিক্ষাবিদ, প্রথিতযশা গবেষক, খ্যাতিমান সাহিত্যিক ও জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান ১৪ মে ২০২০ তারিখে ৮৩ বছর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ... রাজিউন)। অধ্যাপক আনিসুজ্জামানের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৮ জুন ২০২০ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ১৪ জুন ২০২০ তারিখের প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৪) 'ই-মিউটেশন' উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ 'স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকারি প্রতিষ্ঠানের বিকাশ' ক্যাটাগরিতে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়কে সম্প্রতি জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০'-এ ভূষিত করা হয়। আন্তর্জাতিক অঙ্গনে এরূপ সাফল্য অর্জন বাংলাদেশের ভাবমূর্তি আরও সুসংহত করেছে। এই পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় জাতিসংঘের মর্যাদাপূর্ণ 'ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০' পাওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ০৮ জুন ২০২০ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ১৪ জুন ২০২০ তারিখের প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৫) করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞার মেয়াদ ১৬ জুন ২০২০ হতে ৩০ জুন ২০২০ পর্যন্ত বর্ধিতকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

(৬) জুন ২০২০ মাসে সর্বমোট ৬টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগগুলির বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭) জেলা ও উপজেলাসমূহ থেকে করোনা ভাইরাস সংক্রান্ত হালনাগাদ বিভিন্ন তথ্য সংগ্রহ, দৈনিক পরিস্থিতি এবং ত্রাণ বিতরণ কার্যক্রমের তদারকি করা হয়।

(৮) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী জুন ২০২০ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ০৫ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করা হয়। উপরোল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(৯) বিভিন্ন আইনে ১২ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(১০) দুর্নীতি দমন কমিশনে দুইজন কর্মকর্তাকে উপপরিচালক পদে প্রেষণে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(১১) করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ দফা বাস্তবায়নের জন্য সকল সিনিয়র সচিব/সচিব, বিভাগীয় কমিশনার ও জেলাপশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) কোভিড-১৯-এর বিস্তার রোধকেল্পে শর্তসাপেক্ষে সাধারণ ছুটিকালীন সময়ে চলাচলের উপর কয়েক দফা প্রজ্ঞাপন জারি করা হয়।

(১৩) মাঠপর্যায়ে বিসিএস ক্যাডার (প্রশাসন) কর্মকর্তা ও তাদের আওতাধীন কর্মচারীদের কোভিড-১৯ আক্রান্তের প্রতিবেদন প্রেরণের জন্য বিভাগীয় কমিশনারগণের নিকট পত্র প্রেরণ করা হয়।

(১৪) ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে সরকারি স্থাপনায় পানি জমে মশার লার্ভা জন্মানো প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সিনিয়র সচিব/সচিব ও মাঠপর্যায়ের কর্মকর্তাগণকে পত্র প্রেরণ করা হয়।

(১৫) কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মন্ত্রণালয় এবং আওতাধীন অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যবিধি নিশ্চিতকণের জন্য পত্র প্রেরণ করা হয়।

(১৬) করোনা ভাইরাসজনিত পরিস্থিতিতে আন্তঃমন্ত্রণালয় সমন্বয়সহ মাঠপর্যায়ে সময়ে সময়ে প্রয়োজনীয় অন্যান্য নির্দেশনা জারি করা হয়।

(১৭) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মে দ্বিতীয় ও জুন প্রথম পক্ষের পাক্ষিক গোপনী প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(১৮) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) জেলাপ্রশাসক সম্মেলন ২০২০-এ উত্থাপনযোগ্য বিষয়াবলি নির্ধারিত ছকে প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) জাতীয় হাম-রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইন-২০২০ সফল করার লক্ষ্যে সহযোগিতা প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) চাঁদপুর জেলার হাজীগঞ্জ থানার সাবেক ২৭৫ হাল ১১০ নম্বর মোহাম্মদপুর মৌজার ইটভাটার কাজ বন্ধ করার বিষয়ে জেলাপ্রশাসক, চাঁদপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত কৃষককে মৃত গবাদি পশুর (গরু, মহিষ, ছাগল) ক্ষতিপূরণ প্রদানের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) ভিডিও কনফারেন্সিং সিস্টেম প্রতিস্থাপন/প্রতিস্থাপনের অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) দেশের বিভিন্ন এলাকায় কোভিড-১৯ রোগের সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে জারিকৃত নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলাপ্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) সারাদেশে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধ কার্যক্রমের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলাপ্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) কোভিড-১৯ সেবা প্রদানকারী ডাক্তার, নার্স ও স্বাস্থ্যকর্মীদের সেবায় নিয়োজিত বাংলাদেশ পর্যটন করপোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণকে সরকার ঘোষিত ক্ষতিপূরণের আওতায় আনার বিষয়ে অর্থ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৭) Birth and Death Registration Completeness সংক্রান্ত ০১ জুন ২০২০ তারিখে ভাইটাল স্ট্র্যাটেজিস এবং সিআরভিএস সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয়ের সমন্বয়ে অনলাইন (Zoom) সভা আয়োজন করা হয়।

(২৮) Open CRVS Webinar: Product capabilities and technical deployment সংক্রান্তে ০২ জুন ২০২০ তারিখে Plan International-এর সমন্বয়ে অনলাইন (Zoom) সভা আয়োজন করা হয়।

(২৯) CRVS Technical Committee-এর অনলাইন সভা (Google Meet) ১৬ জুন ২০২০ তারিখে আয়োজন করা হয়।

(৩০) Birth and Death Registration Business Process Map (BPMs) Review সংক্রান্ত অনলাইন (Google Meet) সভা ১৭ জুন ২০২০ তারিখে আয়োজন করা হয়।

(৩১) UNESCAP-CRVS Regional Action Framework Report প্রণয়ন সংক্রান্ত অনলাইন (Microsoft Team) সভায় ২২ জুন ২০২০ তারিখে অংশগ্রহণ করা হয়।

(৩২) CRVS Phase-3 প্রকল্পের Workplan সংক্রান্ত অনলাইনসভা (Google Meet) ২২ জুন ২০২০ তারিখে আয়োজন করা হয়।

(৩৩) ২ জুন ২০২০ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প (ফেজ-২) শীর্ষক প্রকল্পের Project Steering Committee (PSC)-এর প্রজ্ঞাপন গঠনপূর্বক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৩৪) ২২ জুন ২০২০ তারিখে শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত গঠিত বাছাই কমিটির ভার্চুয়াল সভা কমিটির সভাপতি ও মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে zoom app-এ অনুষ্ঠিত হয়।

(৩৫) ২৯ জুন ২০২০ তারিখে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট-এর ষষ্ঠ সভা কমিটির সভাপতি জনাব মো: কামাল হোসেন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে zoom app-এ অনুষ্ঠিত হয়।

(৩৬) ২৮ জুন ২০২০ তারিখে শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০ এর জন্য নির্বাচিত সিনিয়র সচিব/সচিবগণের মধ্য হতে জনাব আবু হেনা মো: রহমাতুল মুনিম, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ; বিভাগীয় কমিশনারগণের মধ্য হতে জনাব মো: মোস্তাফিজুর রহমান পিএএ, বিভাগীয় কমিশনার, ঢাকা; মন্ত্রিপরিষদ বিভাগে ২য় হতে ১০তম গ্রেডভুক্ত

কর্মকর্তাগণের মধ্য হতে জনাব মো: মামুনুর রশীদ ভূঞা, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ এবং ১১তম গ্রেড হতে ২০তম জনাব মো: শাহজালাল, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, মন্ত্রিপরিষদ বিভাগ-এর অনুকূলে অফিস আদেশ জারি করা হয়।

(৩৭) ১৩টি মন্ত্রণালয়/বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসমূহের তৃতীয় ত্রৈমাসিক রিপোর্ট প্রস্তুতের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়।

(৩৮) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত একটি প্রকাশনার জন্য গ্রাফিক ডিজাইনের কাজ সম্পন্ন করা হয়।

(৩৯) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ সম্পাদনের নিমিত্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, এপিএ ক্যালেন্ডার ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ প্রস্তুতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়।

(৪০) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার ক্লীপিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ ক্লীপিংগুলি তিনটি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৪১) ১৯৯৩ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীসহ সারসংক্ষেপসমূহের ১৪ খণ্ড মূলকপি থেকে সদ্য প্রস্তুত করা ১৪ খণ্ড ফটোকপির মধ্যে সাত খণ্ড ফটোকপি বাছাই করে ফটোকপিজনিত ভুল-ত্রুটি সংশোধন করা হয়।

গ.আগামী (জুলাই-আগস্ট) দুই মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১২টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন (জানুয়ারি-মার্চ ২০২০) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) 'আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র মতামতসমূহ WAR BOOK, 1977 (Revised in 2018)-এর খসড়ায় অন্তর্ভুক্তসহ সমরপুস্তক চূড়ান্তকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৫) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার ক্লীপিংগুলির ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(৬) ১৯৯২ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীসহ সারসংক্ষেপসমূহের ২২ খণ্ড রেকর্ড বই আকারে বাঁধাই হলে বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা থেকে আনয়ন।

(৭) ২০১৮ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সারসংক্ষেপ, বিজ্ঞপ্তি ও কার্যবিবরণীর ৪৭ খন্ড রেকর্ড বই আকারে বাঁধাই হলে বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা থেকে আনয়ন।

(৮) ১৯৯৩ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীসহ সারসংক্ষেপসমূহের ফটোকপির অবশিষ্ট সাতটি খণ্ড বাছাই করে ফটোকপিজনিত ভুল-ত্রুটি সংশোধন।

(৯) জুলাই-ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণীসমূহের সূচি প্রণয়ন।

(মুহাম্মদআসাদুলহক)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd